গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
সমন্বয় শাখা-২
(www.plandiv.gov.bd)

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩)/১৭৯

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

পরিপত্র

বিষয়: সরকারি খাতে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণ

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সম্পর্কিত নির্দেশনা সংবলিত একটি পরিপত্র পরিকল্পনা বিভাগ কর্তৃক ১২ জুন ২০২২ তারিখে স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২০২০(অংশ-১)/১৩৩ এর মাধ্যমে জারি করা হয়। উক্ত পরিপত্রের অনুবৃত্তিক্রমে উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও প্রণয়ন প্রক্রিয়ায় জনসম্পৃক্ততা নিশ্চিতকরণকল্পে বিনিয়োগ প্রকল্প/কর্মসূচির প্রস্তাব (ডিপিপি) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণের পূর্বে সর্বসাধারণের মতামত গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক:

(১) প্রকল্প/কর্মসূচি সম্পর্কে মতামত প্রদানের সুবিধার্থে প্রকল্প/কর্মসূচির প্রাথমিক তথ্যসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য যথা সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকল্প গ্রহণের পটভূমি/যৌক্তিকতা, প্রকল্প এলাকা, আর্থিক ও অর্থনৈতিক সম্ভাব্য ফলাফল, পরিবেশ ও সামাজিক প্রভাব, দূর্যোগের ঝুঁকি ও ঝুঁকি প্রশমন পরিকল্পনা, প্রযোজ্য ক্ষেত্রে গ্রীন এ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্ট নির্দেশক সংবলিত অংশ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(২) ক্রমিক নম্বর (১) এ বর্ণিত বিষয়সমূহ ওয়েবসাইটে প্রকাশের পর মতামত প্রদানের জন্য অন্যূন দুই সপ্তাহ সময় দিতে হবে।

(৩) মতামত প্রদানের জন্য মন্ত্রণালয়/বিভাগের আইসিটি সেল কর্তৃক একটি কমেন্ট বক্স তৈরি করতে হবে।

(৪) মতামত পাওয়ার পর উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিস্তারিত পর্যালোচনান্তে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন ও পরিমার্জনপূর্বক ডিপিপি চূড়ান্ত করে অনুমোদন প্রক্রিয়াকরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩০.১০.২৪
(ড. নেয়ামত উল্যা ভূঁইয়া)
সিনিয়র সচিব
পরিকল্পনা বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব (সকল), ----------, ঢাকা।
৪. সদস্য (সকল), ---------- বিভাগ, পরিকল্পনা কমিশন।

স্মারক নম্বর: ২০.০০.০০০০.৪০৪.০১৪.৬১.২৩(অংশ-৩)/১৭৯

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ / ৩০ অক্টোবর ২০২৪

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩০/১০/২৪
(মোসা: জেসমীন আরা)
উপপ্রধান (একনেক)